"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং বাকাশিবো/(প-২)৭০৯/২৪৬৪ তারিখঃ ৩০-১০-২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ২০১৬ সনের ১ম, ৩য় পর্ব সমাপনী ও ২য়, ৩য় পর্ব অকৃতকার্য বিষয়ের এবং ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষা আগামী ১৯ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়নগঞ্জ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম ও ৩য় পর্ব সমাপনী এবং ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

১. **পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ**

১.১ ২ বছর মেয়াদি নিয়মিত ১ম ও ৩য় পর্ব সমাপনী এবং ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের স্বাক্ষর যুক্ত প্রিন্ট-আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। উক্ত শিক্ষাক্রমের সমাপনী পরীক্ষার প্রিন্ট-আউট কপি **নির্ধারিত অনুচ্ছেদ ৩.১০ অনুযায়ী** অত্র বোর্ডের Website হতে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত প্রিন্ট-আউট কপি/ কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটো কপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

২। **পরীক্ষার ও অন্যান্য ফি সমুহের হার নিম্নরূপঃ**

(ক) ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্যঃ

১	পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য)	২২৫.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০
৩	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিষ্ঠান পাবে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪	নম্বরপত্র ফি (প্রতিষ্ঠান পাবে)	৫০.০০

(খ) ৩য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ (যাদের ২য় পর্বে অকৃতকার্য বিষয় নাই)

১.	পরীক্ষার ফি	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নম্বরপত্র ফি	৭৫.০০
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(গ) ৩য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য ঃ (যাদের ২য় পর্বে অকৃতকার্য বিষয় আছে)

১.	পরীক্ষার ফি	৪০০.০০
২.	২য় পর্বের অকৃতকার্য বিষয়ের ফি	২য় পর্বের অকৃতকার্য বিষয়ের সংখ্যা × ১০০.০০
৩.	কেন্দ্র ফি	নিয়মিত পর্বের জন্য - ৪৫০.০০ ২য় পর্বের (অকৃতকার্য) × ২০০.০০
৪.	নম্বরপত্র ফি	প্রতি পর্ব × ৭৫.০০
৫.	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০

(চ) ৪র্থ পর্ব অনিয়মিতঃ

১	পরীক্ষার ফি	২য়, ৩য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় × ১০০.০০ /সর্বনিম্ন ৪০০.০০
২	কেন্দ্র ফি	২য়, ৩য় ও ৪র্থ অকৃতকার্য বিষয়ের জন্য- প্রতি পর্ব × ২০০.০০ /সর্বনিম্ন ৪৫০.০০
৩	নম্বরপত্র ফি	প্রতি পর্ব × ৭৫.০০
৪	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৫	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি	৫০০.০০

৩. **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলিঃ**

৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এবং ফি সমূহ সংশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম সরাসরি নাকচ করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ি থাকবে না।

৩.৩ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এবং নমবরপত্রের টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে প্রদান করত: তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যমন্তরীণ ও আভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

৩.৫ **২ বছর মেয়াদি সার্টিফিকেট-ইন-ট্রেড শিক্ষাক্রমের** ছাত্রছাত্রীদের ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ফি প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত **৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০ টাকা** সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট এন্ট্রিফরম/প্রিন্ট-আউট কপি ও তালিকার সাথে অবশ্যই প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.৬ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ কেন্দ্র ফি তহবিলে ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রামন্ত সকল সন্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিসের জারিকৃত প্রবর্তিত সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৭ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। এ ক্ষেত্রে নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৩.৮ অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রিফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশিষ্ট নথি পত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি অনুযায়ী শ্রেণী বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। কোন ব্যতিক্রম গ্রহণ যোগ্য নহে।

৩.৯ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীদের সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	রোল নম্বর	রেজি: নম্বর ও সেসন	পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	বিলম্ব ফি	মোট টাকা
১	২	৩	৪	৫	৬	৭	৮

৩.১০ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

Online -এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ব্যাতীত ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	৩০০/- টাকা বিলমব ফি সহ (প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি বোর্ডে জমা / গ্রহণের তারিখ	নির্ধারিত তারিখের (১০-১১-১৬ তারিখ) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ১৪-১১-১৬ তারিখ পর্যন্ত প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ	প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা	সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ
০৩-১১-১৬ হতে ০৯-১১-১৬	০৭-১১-১৬	০৯-১১-১৬	১০-১১-১৬		০৬-১২-১৬	০৬-১২-১৬ হতে ০৮-১২-১৬	১৪-১২-১৬

৩.১১ পরীক্ষার এন্ট্রিফরম ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিষ্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১২ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক (দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা) বরাবরে প্রেরণ করতে হবে।

৪. <u>অন্যান্য শর্তাবলীঃ</u>

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরমসমূহ ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে এন্ট্রিফরম বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও অফিসের অর্থ উক্ত ৩.১০ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয় ও সমীচীন।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করা সর্বোত্তম।

৪.৪ <u>পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় পুর্বের খাতা সমন্বয় করে খাতা গ্রহণ করিতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না</u>।

৪.৫ ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রেরণ করতে হবে।

৪.৬ ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এই মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

স্মারক নং বাকাশিবো/(প-২)৭০৯/২৪৬৪ তারিখঃ ৩০-১০-২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২-৬। সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালত (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়নগঞ্জ।
৮-১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২-১৩। উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। উপ-পরিচারক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৬-১৮। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- কৃষি/টেক্সটাইল/শর্ট কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯। ওরাকল প্রফেশনাল (সার্টিফিকেট ইন মেরিন পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২২। মাননীয় চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৩। নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬